

## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা।

www.brdb.gov.bd

বিষয়: বিভিন্ন শাখা/জেলাদপ্তরসমূহ কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ওয় কোয়ার্টার এর  
অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের জন্য নেতৃত্বকৃত কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি	: মোঃ হাসানুল ইসলাম এনডিসি
তারিখ	: ০১/০৮/২০১৯ খ্রি।
সময়	: সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	: পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বিআরডিবি'র NIS-টিমের  
সদস্য সচিব উপপরিচালক (জনসংযোগ ও সমষ্টি শাখা)-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

NIS-টিমের সদস্য সচিব উপপরিচালক (জনসংযোগ ও সমষ্টি শাখা)-বিআরডিবি'র বিভিন্ন শাখা/জেলাদপ্তর থেকে প্রাপ্ত  
২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর তৃতীয় ত্রৈমাসিক অগ্রগতি  
প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি শাখা/জেলাদপ্তরসমূহের ২০১৮-২০১৯ NIS এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা  
করেন। বিভিন্ন শাখা/জেলাদপ্তরের বেশ কিছু সূচকের ক্ষেত্রে ওয় কোয়ার্টার পর্যন্ত আনুপাতিক অর্জন সন্তোষজনক না হওয়ায়  
সভাপতি অসংযোগ প্রকাশ করেন। তিনি NIS-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার  
পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে শাখা/জেলাদপ্তরসমূহের NIS- সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। সকল  
শাখা/জেলাদপ্তর হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনাশেষে  
নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

শাখা/জেলা দপ্তরসমূহের আইসিটি বিষয়ক কার্যক্রম পর্যালোচনা করে নিম্নলিখিত ক্রটিসমূহ পরিলক্ষিত হয়:

১। যশোর জেলা :

- ৫.২ সূচক- ডিভিও/অনলাইন/টেলিকনফারেন্স লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।
- ৭.২ সূচক-GRS সেবাবক্তৃ হালনাগাদ করা হয়নি।

২। সিরাজগঞ্জ জেলা :

- ১.১. থেকে ৪.৬ সূচক পর্যন্ত লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।

৩। ঢাকা জেলা :

- সকল সূচকে লক্ষ্যমাত্রা ১০০% অর্জন হওয়ায় উপপরিচালক (ঢাকা) ধন্যবাদ পেতে পারেন।

৪। চাপাইনবাবগঞ্জ জেলা:

- ১.১ সূচকে নেতৃত্বকৃত কমিটির করা হয়নি। কিন্তু ১.২ সূচকে লক্ষ্যমাত্রা অর্জন দেখানো হয়েছে।
- ১০.২ সূচকে নির্ধারিত সময়ে ওয় প্রাপ্তিকৃত অগ্রগতি প্রতিবেদন দাখিল করা হয়নি।

৫। পঞ্চগড় জেলা:

- ১.৩ সূচকে শুদ্ধাচার সেবাবক্তৃ হালনাগাদ করা হয়নি।

৬। কুড়িগ্রাম জেলা :

- ১.১ থেকে ৩.৬ সূচক পর্যন্ত লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।

৭। নওগাঁ জেলা:

- ১.১, ১.২, ২.৩ , ৪.১, ৫.৩, সূচকে লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।

৮। কুমিল্লা জেলা:

- ১.৩ সূচকে শুদ্ধাচার আইকন হালনাগাদ করা হয়নি।

ঢাক্কাটি জেলা:

- সকল সূচক হালনাগাদকৃত। ফলে সংশ্লিষ্ট উপপরিচালক ধন্যবাদ পেতে পারেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১। প্রতি কোয়ার্টারে অন্তত: ১টি করে অংশীজনদের নিয়ে সভার আয়োজন করতে হবে;
- ২। প্রতি কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ এক তারিখের মধ্যে জনসংযোগ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।  
৫.৫, ৫.৬, ৬.৩, ৭.৩ পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রয়োজন। ;
- ৩। বার্ষিক উন্নাবন কর্ম-পরিকল্পনায় অর্থভূক্ত কার্যক্রম বাস্তবায়ন ও চালুকৃত উন্নাবনী উদ্যোগ/সহজীকৃত সেবা পরিবীক্ষণের প্রমাণক অর্জন পরবর্তী কার্যক্রমের জন্য সংশ্লিষ্টদের বরাবর পত্র প্রেরণ করতে হবে।
- ৪। জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এস এম এস এর মাধ্যমে অবগত করতে হবে;
- ৫। টার্গেট অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়সমূহের উপর প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার জন্য পরিচালক (প্রশিক্ষণ) কে অনুরোধ করতে হবে ;
- ৬। নির্ধারিত সময়ের মধ্যে শুক্রাচার পুরস্কার প্রদানের জন্য ১ লা এপ্রিল হতে কার্যক্রম শুরু করতে হবে ;
- ৭। ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুক্রাচার কর্মপরিকল্পনায় তায় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে ;
- ৮। সকল শাখা/জেলাদপ্তর শুক্রাচারের উপর কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৯। সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে।
- ১০। সেবা প্রদানের ক্ষেত্রে সকল কর্মকর্তা-কর্মচারীকে ১০০% ভাগ সততা ও নিষ্ঠার পরিচয় দিতে হবে।
- ১১। পরবর্তী কোয়ার্টারে পূর্বের ঘাটতিসহ ৪র্থ ত্রৈমাসিক পর্যন্ত সম্পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০১৪/১  
মোঃ হাসানুল ইসলাম ড্রানডিসি  
পরিচালক (প্রসাসন)